

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

স্নাতক পর্যায়ে ১ম বর্ষের (শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯) ছাত্র-ছাত্রীদের ওরিয়েন্টেশন-২০১৯

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, একাডেমিক কাউন্সিলের ৬১তম সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সের ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের এ বিশ্ববিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম শুরুর লক্ষ্যে আগামী ২৪/০১/২০১৯ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০-০০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে (SWC) এক পরিচিতি সভা (Orientation) অনুষ্ঠিত হবে। উক্ত পরিচিতি সভায় (Orientation) স্নাতক পর্যায়ে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ ১ম টার্মে ভর্তিকৃত সকল ছাত্র/ছাত্রীদের উপস্থিত (ছাত্র-ছাত্রীদের আসন গ্রহণ সকাল ৯-৫০ মি.) থাকার জন্য বলা যাচ্ছে।

স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে (SWC) পরিচিতি সভা (Orientation) অনুষ্ঠিত হবার পর ঐ দিন অর্থাৎ ২৪/০১/২০১৯ইং তারিখ সকল বিভাগে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের বিভাগীয় পরিচিতি সভা, কোর্স রেজিস্ট্রেশন এবং বিভিন্ন একাডেমিক বিষয়াবলী সম্পর্কে বিস্তারিত ভাবে অবহিত করা হবে। ছাত্র-ছাত্রীদের হল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত তারিখে হলে ভর্তির প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

ওরিয়েন্টেশন-২০১৯ কে সফল করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদের ডীন, ইনস্টিটিউট পরিচালকবৃন্দ, সকল বিভাগীয় প্রধান, সকল পরিচালক, সকল হল প্রভোস্টগণসহ একাডেমিক কাউন্সিলের সম্মানিত সদস্যবৃন্দ ও উচ্চ পদস্থ কর্মকর্তাগণকে (দপ্তর প্রধান) যথাসময়ে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টার (SWC) এ উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।


ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।


২২/০১/১৯
(জি, এম, শহিদুল আলম)
রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/ ৬২২৬/১৯০ তারিখঃ ২২/০১/১৯
অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। বিভাগীয় পরিচিতি সভা ও একাডেমিক বিষয়ে ব্যবস্থা গ্রহণসহ বিভাগের সংশ্লিষ্ট সকল সম্মানিত শিক্ষকগণের মধ্যে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৪। পরিচালক (ছাত্র কল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয়। উক্ত ওরিয়েন্টেশন সফল করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়। হলে ভর্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৭। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। সেন্ট্রাল কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৯। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১০। সংরক্ষণ নথি।


২২.০১.১৯
(মোঃ আব্দুল মালেক মৃধা)
সহকারী রেজিস্ট্রার